

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল



...

সভাপতি মোহাম্মদ আবুল কালাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ ০১-১০-২০২০ খ্রিঃ
সভার সময় সকাল ১১:০০ ঘটিকা।
স্থান বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮)।
উপস্থিতি সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-ক)
সভাপতি ইনোভেশন বিষয়ক সভায় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি স্বাগত বক্তব্যে, মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে উপস্থিত কর্মকর্তাদের সাথে পর্যালোচনা করেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২০-২০২১-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ২.২.১ নং সূচক এবং বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২০-২০২১-এর ১২.১.১ নং সূচকে বর্ণিত “একটি ডিজিটাল সেবা চালুকরণ” বাস্তবায়নের লক্ষ্যে বিশদ আলোচনা করেন।

২। অতঃপর ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন এবং উদ্ভাবন ও সেবা সহজীকরণ প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক)	দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে অভ্যন্তরীণ কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে যথাযথ অভ্যন্তরীণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	সকল দপ্তর/সংস্থার প্রধান/ইনোভেশন ফোকাল পয়েন্ট।

খ)	উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ৪.১ এবং ৪.২ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সহযোগিতায় রেশম উন্নয়ন বোর্ড উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের একটি প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়াও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জেডিপিসি, বিজেএমসি এবং বিটিএমসি দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।	রেশম উন্নয়ন বোর্ড, জেডিপিসি, বিটিএমসি ও বিজেএমসি।
গ)	ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ২.২.১ সূচকে এবং বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১-এর ১২.১.১ নং সূচকে ন্যূনতম “একটি নতুন ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন”-এর লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাকে ডিজিটাল সেবাটি তৈরি ও বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা আগামী ১৫/০২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা তৈরি, বাস্তবায়ন ও চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম/প্রশাসন-২ শাখা/এবং সকল দপ্তর/সংস্থা প্রধান।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



মোহাম্মদ আবুল কালাম

অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন
অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯-১০৭

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭

০৫ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা।
- ২) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা।
- ৪) নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি), ঢাকা।
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন, ঢাকা।
- ৬) অতিরিক্ত সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ৮) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৯) উপসচিব, বস্ত্র-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) সিনিয়র সহকারী সচিব, পাট-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



মোঃ আমিনুল ইসলাম
প্রোগ্রামার